

১৯ ও ২০ ডিসেম্বর ঢাকায় বাংলাদেশ ও ভারত নৌসচিব সভা

ঢাকা, ১৪ ডিসেম্বর ২০২৩;

বাংলাদেশ ও ভারতের মধ্যে নৌসচিব পর্যায়ের সভা, প্রটোকল অন ইনল্যান্ড ওয়াটার ট্রানজিট এন্ড ট্রেড (পিআইডব্লিউটিএন্ডটি) এর অধীন স্ট্যান্ডিং কমিটির সভা এবং ইন্টার গভার্ণমেন্টাল কমিটির (আইজিসি) সভা ১৯ ও ২০ ডিসেম্বর ঢাকায় স্থানীয় এক হোটেলে অনুষ্ঠিত হবে। ১৯ ডিসেম্বর স্ট্যান্ডিং কমিটি এবং আইজিসি সভা এবং ২০ ডিসেম্বর নৌসচিব পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে।

নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল এবং ভারতের পোর্টস, শিপিং এন্ড ওয়াটারওয়েজ মন্ত্রণালয়ের সচিব টি কে রমাচন্দ্রন (T K RAMACHANDRAN) নিজ নিজ দেশের পক্ষে নেতৃত্ব দিবেন।

আজ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে আসন্ন নৌসচিব, স্ট্যান্ডিং কমিটি এবং আইজিসি সভা সংক্রান্ত এক আন্তঃমন্ত্রণালয় সভায় এসব তথ্য জানানো হয়। নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বৈঠকে সভাপতিত্ব করেন।

সভায় বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা, বাংলাদেশ কন্টেইনার শিপ ওনার্স এসোসিয়েশন, কোস্টাল শিপ ওনার্স এসোসিয়েশন এবং বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশনের প্রতিনিধিগণ সরাসরি ও ভার্চুয়ালি উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪